



**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT - SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**20 April 2026**

**7:35 AM IST**

আসামে আদমশুমারি - ২০২৭ এর অধীনে জনগণনা প্রক্রিয়া চলতি বছরের দোসরা আগষ্ট থেকে আরম্ভ হবে। রাজ্য লোকগণনা সঞ্চালক বিশ্বজিৎ পেগু গতকাল জানিয়েছেন যে ১৭ই আগষ্ট থেকে গণনা কর্মী ও আধিকারিকরা ঘরে ঘরে গিয়ে এই গণনা কার্য শুরু করবেন। এই প্রক্রিয়া ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত চলবে। এই প্রক্রিয়ায় ৮৫ হাজার গণনা কর্মী ও আধিকারিক নিয়োগ করা হয়েছে। এই সব আধিকারিক ও কর্মীদের আগামী জুন মাস থেকে আদমশুমারির প্রশিক্ষণ প্রদান করা হবে। উল্লেখ্য দেশের বেশ কিছু রাজ্যে ইতিমধ্যেই গত পয়লা এপ্রিল থেকে লোকগণনার কাজ শুরু হয়েছে। আসাম সহ তামিলনাড়ু, পশ্চিমবঙ্গ, কেরালম এবং পদুচেড়িতে বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে এই রাজ্যগুলিতে লোকগণনার কাজ কিছুটা পিছিয়ে দেওয়া হয়েছিল।

সামাজিক অবস্থা এবং জাতিগত গণনা সহ জনসংখ্যা এবং বাসগৃহ গণনা করা হবে। ২০২৭ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত দুটি পর্যায়ে এই লোকগণনার কাজ সম্পন্ন করা হবে। প্রথম পর্যায়ে ঘরের তালিকা প্রস্তুত করা হবে এবং দ্বিতীয় পর্যায়ে জনসংখ্যা গণনা করা হবে।

.....

চিরাং জেলার রুণীখাটে হিংসাত্মক কার্যকলাপ সংঘটিত করার অভিযোগে আরো ৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গত বৃহস্পতিবার রাত ১৫ জন অপরাধীকে আটক করার পর চিরাং পুলিশ গতকাল আরো ৬ জনকে গ্রেপ্তার করে। ফলে বন বিভাগের কার্যালয়ে সংঘটিত হিংসাত্মক কার্যকলাপের সঙ্গে যুক্ত সন্দেহভাজন গ্রেপ্তার করা লোকের সংখ্যা বৃদ্ধি পয়ে ২১ হয়েছে। ধৃতদের পুলিশ জিজ্ঞাসাবাদ অব্যাহত রেখেছে। ইতিমধ্যে ওই অঞ্চলের পরিস্থিতি ধীরে ধীরে উন্নত হতে শুরু করেছে। তবে এখনও ওই অঞ্চলে কড়া নিরাপত্তাবাহিনী মোতায়েন রয়েছে। হিংসা জর্জরিত অঞ্চলে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার উদ্দেশ্যে নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হয়েছে। ভূয়ো এবং উদ্দেশ্যপ্রণোদিত খবর প্রতিরোধে চিরাং এবং কোকরাঝার জেলায় মোবাইল ইন্টারনেট পরিসেবা এখনো বন্ধ রাখা হয়েছে।

.....

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার আকাশবানীর মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের সঙ্গে মনের ভাব ব্যক্ত করবেন। এটি হবে মন কি বাত অনুষ্ঠানের ১৩৩ তম পর্ব। জনসাধারণ ১৮০০-১১-৭৮০০ নম্বরে ফোন করে নিজেদের মতামত বা পরামর্শ পাঠাতে পারবেন। জনসাধারণ নমো এ্যাপ বা মাই গভট ওপেন ফোরামের মাধ্যমেও আগামী ২৪শে এপ্রিলের মধ্যে পরামর্শ পাঠাতে পারবেন। এই অনুষ্ঠান আকাশবাণী ও দূরদর্শনের সবকটি নেটওয়ার্ক সহ আকাশবাণীর ওয়েব সাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এপের মাধ্যমেও শোনা যাবে। প্রধানমন্ত্রীর কার্যালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রক, আকাশবাণী ও দূরদর্শনের ইউ টিউব চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান

প্রচার করা হবে । আকাশবাণী অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার হওয়ার ঠিক পরেই আঞ্চলিক ভাষায় অনুবাদ প্রচার করবে ।

---

বরাক উপত্যকা সহ দেশের বিভিন্ন প্রান্তে আজ অক্ষয় তৃতীয়া উৎসব পালন করা হচ্ছে । প্রচলিত বিশ্বাস অনুযায়ী অক্ষয় তৃতীয়া উৎসব সবার জীবনে সৌভাগ্য ও সাফল্য বয়ে আনে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অক্ষয় তৃতীয়া উপলক্ষে জনসাধারণের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী বলেন অক্ষয় তৃতীয়া উৎসব কর্মস্পৃহা, দান ও সেবার মনোভাবের মাধ্যমে এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা যোগায় ।

---

নারী শক্তি বন্দন অধিনিয়ম বিলটি লোকসভায় পাশ না করার জন্য শ্রীভূমি জেলা বিজেপি মহিলা মোর্চার পক্ষ থেকে গতকাল বিক্ষোভ ও প্রতিবাদ কার্যসূচী পালন করা হয় । বিক্ষোভ কর্মসূচীতে কংগ্রেস , তৃণমূল কংগ্রেস, সমাজবাদী পার্টি সহ অন্যান্য বিরোধী দলের বিরুদ্ধে এই বিলটি পাশ করতে না দেওয়ার অভিযোগ উত্থাপন করে প্রতিবাদ কার্যসূচী পালন করা হয় ।

---

ভারতের ৯৫তম গ্র্যান্ড মাস্টার হিসেবে ইতিহাস গড়লেন আরণ্যক ঘোষ । কলকাতার ২২ বছর বয়সী ইন্টারন্যাশনাল মাস্টার আরণ্যক ঘোষ গতকাল ২৩তম ব্যাংকক দাবা ক্লাব ওপেন মাস্টার্সে তিনি তার তৃতীয় এবং চূড়ান্ত

নামটি অর্জন করেছেন । উল্লেখ্য ২০১৮ সালে আরণ্যক ঘোষ খেলতে শিলচর এসেছিলেন ।

---

হাইলাকান্দি জেলায় নব কমল ভুইয়া মোমোরিয়াল সিনিয়র আন্তঃজেলা ক্রিকেট প্রতিযোগিতার আজকের খেলায় লক্ষীপুর দল কার্বি আংলং জেলা দলের বিরুদ্ধে খেলবে ।

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগিতার গতকালের খেলায় হাইলাকান্দি জেলা দল ৭৭ রানে ডিমা হাসাও দলকে পরাজিত করে ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আজ কাতিরাইলের মধুরপুর কালিবাড়ী মোহনপুর দ্বিতীয় খন্ডে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---

---